



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ডাকবাংলা নং ৩২৫
ঢাকা
বাংলাদেশ

www.bangladesh-bank.org.bd

কৃষিক্ষণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ
(শিল্প উপ বিভাগ)

সূত্র নং-এসিএসপিডি সার্কুলার লেটার নং ০২

তাং ২৬/০৫/২০০৮ ইং

বাংলাদেশের সকল তফসিলী
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ক্ষুদ্র ও মাঝারী খাতের ঋণ সম্প্রসারণ পসঙ্গে / Extending loan to Small & Medium Enterprise (SME) sectors

উপরোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

১। ক্ষুদ্র ও মাঝারী খাতের ঋণ সম্প্রসারণের উদ্দেশ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ বিতরণ ও আদায়ের তদারকী ব্যয় (Supervision Cost) হ্রাস করার লক্ষ্যে ঋণগ্রহীতা নির্বাচন, ঋণ বিতরণ ও আদায়ে এনজিও-এর সহায়তা গ্রহণের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

২। মাঝারী খাতের শিল্প কারখানার মধ্য মেয়াদী ঋণের মেয়াদ-এর বিষয়ে ইতোপূর্বে জারীকৃত সকল নির্দেশনা বাতিলপূর্বক এখন হতে তা ৩(তিন) বছরের স্থলে ৪(চার) বছর করা হল। বিতরণকৃত এ সকল ঋণের মধ্যে পুনঃঅর্থায়নকৃত ঋণের ক্ষেত্রে ঋণ গ্রহণের তারিখ থেকে ৬(ছয়) মাস রেয়াতী সময়সহ সমান ৭(সাত)টি ষান্মাসিক কিস্তিতে ৪(চার) বছরের সুদসহ পরিশোধযোগ্য হবে।

এ সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল হক)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৯৪৭